

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৮৪
বিশ্রামগঞ্জ, ০৫ ফেব্রুয়ারি, ২০২৪

সিপাহীজলা জেলাভিত্তিক জাতীয় কন্যা শিশুদিবস উদযাপিত

বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে আজ সিপাহীজলা জেলাভিত্তিক জাতীয় কন্যা শিশুদিবস উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। বিদ্যালয় শিক্ষাদপ্তরের উদ্যোগে এবং জেলা প্রশাসন ও সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা সমাজকল্যাণ আধিকারিক উত্তম দাস, জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপঅধিকর্তা পাঞ্চালী দেববর্মা, ত্রিপুরা রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের সদস্য জামিনী চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানের উদ্বোধন করে সভাপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন, রাজ্য সরকার মহিলা শিশু কন্যাদের সার্বিক বিকাশের জন্য বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করছে। কেন্দ্রীয় সরকার কন্যা সন্তানদের জন্য বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি রূপায়ণ করছে। তিনি বলেন, একজন শিক্ষিত মা হচ্ছেন বিকশিত সমাজ ও দেশ গঠনে মূল চালিকাশক্তি। মহিলা এবং শিশুদের জন্য রূপায়িত বিভিন্ন কর্মসূচির কথাও আলোচনায় তুলে ধরেন তিনি। অনুষ্ঠানে অন্যান্য অতিথিগণ বক্তব্য রাখেন।
